# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৪২৩৫

পর্ব ২১: খাদ্য (كتاب الأطعمة)

পরিচ্ছেদঃ দ্বিতীয় অনুচ্ছেদ

## الْفَصْلُ الثَّانِي

আরবী

وَعَنْ أَبِي هُرَيْرَةَ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «الْعَجْوَةُ مِنَ الْجَنَّةِ وَفِيهَا شِفَاءٌ مِنَ السُّمِّ وَالْكَمْأَةُ مِنَ الْمَنِّ وماؤُها شفاءٌ للعينِ» . رَوَاهُ التِّرْمِذِيّ

বাংলা

৪২৩৫-[৭৭] আবূ হুরায়রা (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ ’আজ্ওয়া জান্নাতের ফল, তার মধ্যে বিষ প্রতিষেধক রয়েছে। আর ব্যাঙের ছাতা মান্ন জাতীয়, তার পানি চক্ষু রোগের জন্য উপশম। (তিরমিযী)[1]

ফুটনোট

[1] হাসান সহীহ : তিরমিযী ২০৬৬, মুসান্নাফ ‘আবদুর রায্যাক ২০১৭১, মুসনাদে আহমাদ ৮০০২, দারিমী ২৮৪০, আস্ সুনানুল কুবরা লিল বায়হাক্বী ৬৭১৬, সহীহুল জামি‘ ৪১২৭, আল জামি‘উস্ সগীর ৭৫৭৬।

ব্যাখ্যা

ব্যাখ্যাঃ মিরক্বাত প্রণেতা (রহিমাহুল্লাহ) বলেনঃ ‘আজ্ওয়াহ্ খেজুরের উপকার ও বারাকাতের আধিক্যের কারণে বলা যায় যে, যেন তা জান্নাতী খাদ্য, কেননা জান্নাতের খাবার কষ্ট ও শারীরিক ক্লান্তি দূর করে। আর জান্নাতে কোন ধরনের দুঃখ-কষ্ট আপদ-মুসীবাত ও ক্লান্তি-নিস্তেজ ভাব নেই, যা খাদ্যের কারণে দূর হয়ে যাবে, বরং জান্নাতী ব্যক্তি জান্নাতের ফল-মূল হতে খাবে ও পানীয় থেকে পান করবে। সবসময় সুস্বাদের সাথে অত্যন্ত স্বাচ্ছন্দে। আল্লাহ তা‘আলা বলেনঃ সে যেন কিছুতেই তোমাদেরকে জান্নাত থেকে বের করে না দেয়, যার ফলে তুমি বিপদে পতিত হবে। তোমার জন্য এটাই রইলো যে, তুমি জন্নাতে ক্ষুধার্ত হবে না ও নগ্নও হবে না। আর তুমি স্বেচ্ছায় পিপাসার্ত হবে না এবং রৌদ্রাক্লিষ্টও হবে না। (মিরক্বাতুল মাফাতীহ)

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=74958

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন